

এবার ঢাবির স্টাফ বাসে আগুন

ঢাবি প্রতিবেদক

০৬ নভেম্বর ২০২৩, ০৮:৩৩ পিএম



মিরপুরে মেট্রোরেল স্টেশনের নিচে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাসে আগুন

এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কর্মকর্তা-কর্মচারীদের পরিবহনে ব্যবহৃত একটি বাসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। আজ সোমবার বিকেল ৫টার দিকে মিরপুর-১০ নম্বর গোলচত্তর মেট্রোরেল স্টেশনের নিচে এ ঘটনা ঘটে। বিশ্ববিদ্যালয়ের প্রস্তর অধ্যাপক ড. মো. মাকসুতুর রহমান আমাদের সময়কে বিষয়টি নিশ্চিত করেছেন।

জানা গেছে, বাসটি মিরপুর-১০ নম্বর গোলচত্তরের মেট্রোরেল স্টেশনের নিচে আসতেই আগুন ধরিয়ে পালিয়ে যায় দুর্বৃত্তরা। পরে বাসের যাত্রী ও আশেপাশের লোকজন আগুন নিভিয়ে ফেলে। তবে ঘটনার সময় বাসে বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মকর্তা-কর্মচারী ছিলেন না। এ ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের অধ্যাপক ড. মো. মাকসুদুর রহমান আমাদের সময়কে বলেন, বিশ্ববিদ্যালয়ের একটি স্টাফ বাসে আগুন দেওয়ার খবর জেনেছি। স্টাফদের নামিয়ে দিয়ে আসার পর এ ঘটনা ঘটে। এতে বিশ্ববিদ্যালয়ের কেউ আহত হননি। দুর্ব্বলতার বাসে আগুন দিয়ে পালিয়ে যায়। ফলে কাউকে চিহ্নিত করা যায়নি।

এর আগে, গতকাল রাবিবার রাজধানীর মিরপুর বাঙলা কলেজের সামনে ঢাবি শিক্ষার্থীদের পরিবহনে ব্যবহৃত 'চৈতালী' নামের একটি বাসে আগুন দেয় দুর্ব্বলতা। তখন ড্রাইভার ও হেলপার বুঝে গেলে তারা পিছনের দরজা দিয়ে দুর্ব্বলতা পালিয়ে যায়। তখন বাসটির ড্রাইভার ও হেলপার স্থানীয়দের সহযোগিতায় আগুন নিভিয়ে ফেলে।